তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ০১/২০১৬

অভিযোগকারী ঃ জনাব এম. এ. হাই
পিতা-মরহুম মোহাম্মদ হোসেন
১০/২০কল্যাণপুর হাউজিং এষ্টেট
কল্যাণপুর, ঢাকা-১২০৭।

প্রতিপক্ষ ঃ উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
ঢাকা ওয়াসা
প্রধান কার্যালয়, ওয়াসা ভবন
কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫।

সিদ্ধান্তপত্র।

(তারিখ ঃ ১০-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব এম. এ. হাই ২১-০৯-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা ওয়াসা, প্রধান কার্যালয়, ওয়াসা ভবন, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫ বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

চাহিদাকৃত তথ্যের ভূমিকা/পূর্বসূত্র-

The East Pakistan Water and Sewerage Authority Ordinace, 1963 এর Section 22 এবং The Dhaka Water Supply and Sewerage Authority (Water Connection and Levy of Water Rate) Rules, 1966 এর:-

I) Under Section 22, The Authority may allow rebate to its consumers for timely payment of water and sewerage rates. Accordingly, বিদ্যমান বিধান মোতাবেক the consumers used to enjoy 10% rebate for timely paymant of water and sewerage rates with no provisions for late payment surcharge.

II) Rula 14(2) এর নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে বিল পরিশোধ করিলে পরিশোধিত বিল অংকের উপর ১০% হারে রিবেট সুবিধার বিধান বিদ্যমান রহিয়াছে। বিলম্বে বিল পরিশোধের ক্ষেত্রে Ordinance এবং Rules -এ কোন প্রকার 'late payment surcharge' আরোপের উল্লেখ নাই। পক্ষান্তরে, Rula 14(1) মোতাবেক নির্ধারিত সময় সীমার মধ্যে বিল পরিশোধের ব্যর্থতার ক্ষেত্রে এক মাসের নোটিশ দ্বারা সংযোগ বিচ্ছিন্নকরণ পদ্ধতির উল্লেখ রহিয়াছে।
পরবর্তিতে বিধি নির্দেশিত উক্ত পদ্ধতির পরিবর্তে নির্ধারিত তারিখের মধ্যে বিল পরিশোধে ব্যর্থতার ক্ষেত্রে পরবর্তি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় মাসের জন্য যথাক্রমে ৫%, ১০% এবং ১৫% হারে 'late payment surcharge' আদায় পদ্ধতি প্রবর্তন করা হয়।

III) Section 19 এর নির্দেশনা মোতাবেক 'The Authority may, in its discretion, exempt a place of worship from the levy and collection of water and sewer rates' সুবিধা প্রদানের বিধান রহিয়াছে।

<u>চাহিদাকৃত তথ্যের বিবরণঃ</u>

১) **উপর্যুক্ত ক্রমিক** (I) **এবং** (II) **অনুচ্ছেদে লিপিবদ্ধকৃত বিধি নির্ধারিত পদ্ধতিতে** Enacted and Promulgated Ordinance **এবং** Rules-**এ বর্ণিত বিধানাবলী রহিত** (Repeal) **করণ এবং পরবর্তিতে বিধি বহির্ভূত** 'late payment surcharge' **আদায় কার্যক্রম প্রবর্তন বিষয়ে অনুসৃত বিধিবদ্ধ পদ্ধতির প্রামান্য দলিলের 'সার্টিফায়েড কপি' সরবরাহ।**

২) **উপর্যুক্ত ক্রমিক** (III) **অনুচ্ছেদে লিপিবদ্ধকৃত বিধি নির্ধারিত পদ্ধতিতে** Enacted and Promulgated Ordinance-**এ বর্ণিত বিধান মোতাবেক প্রাপ্ত সুবিধাভোগী** 'levy and collection of water and sewer rates exempted' **অন্যূন্য দশটি ওয়ার্ডভূক্ত স্বতন্ত্র বিশটি** 'place of worship' **এর ঠিকানাসহ 'সার্টিফায়েড তালিকা' সরবরাহ।**

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থীত তথ্য না পেয়ে অভিযোগকারী ১১-১১-২০১৫ তারিখে ব্যবস্থাপনা পরিচালক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), ঢাকা ওয়াসা, প্রধান কার্যালয়, ওয়াসা ভবন, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগটি আমলে গ্রহণযোগ্যতার বিষয়ে ১০-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারীর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব এম. এ. হাই হাজির। প্রতিপক্ষ উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা ওয়াসা, প্রধান কার্যালয়, ওয়াসা ভবন, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫ এর পক্ষে আইন কর্মকর্তা জনাব মোঃ জাহিদুল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্যাদি চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে আপীল কর্তৃপক্ষ বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে কমিশনে অভিযোগ দায়ের করেন। তিনি আরো উল্লেখ করেন যে, গেজেট নোটিফিকেশনের কপি (রুলস) সরবরাহ করা হয়নি।

০৫। প্রতিপক্ষ এর পক্ষে আইন কর্মকর্তা তার বক্তব্যে উল্লেখ করেন যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) মন্ত্রণালয়ের এক জরুরী সভা থাকায় কমিশনের ট্রাইব্যুনালে হাজির হতে পারেননি। ০৭-১২-২০১৫ তারিখে অভিযোগকারীকে তথ্য সরবরাহ করা হয়েছে। ১৯৯৬ সনের পরিবর্তিত বিধিতে বলা আছে কোন ধর্মীয় প্রতিষ্ঠানে পানি সরবরাহের জন্য সরকার কোন ধর্মীয় প্রতিষ্ঠানকে অব্যাহতি প্রদান করতে পারে এবং সেক্ষেত্রে সরকার তা পরিশোধ করবে।

০৬। অভিযোগকারীকে ১৯৯৬ সনের গেজেট নোটিফিকেশনের কপি সরবরাহের জন্য কমিশন অভিমত ব্যক্ত করলে কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর প্রতিনিধি তা সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, প্রতিপক্ষ অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য সরবরাহ করেছেন। উপস্থিত প্রতিপক্ষ কমিশনের নির্দেশনা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর মাধ্যমে অভিযোগকারীর প্রার্থীত তথ্য গেজেট নোটিফিকেশনের কপি (রুলস) সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অঃ পৃঃ দ্রঃ)

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১ সপ্তহের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য তথা গেজেট নোটিফিকেশন, ১৯৯৬ এর কপি, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য উপ-প্রধান জনতথ্য কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), ঢাকা ওয়াসা, প্রধান কার্যালয়, ওয়াসা ভবন, কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫-কে নির্দেশনা দেয়া হলো।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার

[মিজান]